প্রেম, দ্রোহ, সাম্যবাদ ও জাগরণের কবি কাজী নজরুল

প্রেম, দ্রোহ, সাম্যবাদ ও জাগরণের কবি কাজী নজরুল ইসলাম। ডাক নাম ‘দুখু মিয়া’। বাংলা সাহিত্যে বিদ্রোহী কবি হিসেবে পরিচিত হলেও তিনি ছিলেন একাধারে কবি, সংগীতজ্ঞ, ঔপন্যাসিক, গল্পকার, নাট্যকার, প্রাবন্ধিক, সাংবাদিক, চলচ্চিত্রকার, গায়ক ও অভিনেতা। তিনি বৈচিত্র্যময় অসংখ্য রাগ-রাগিনী সৃষ্টি করে বাংলা সঙ্গীত জগতকে মর্যাদার আসনে অধিষ্ঠিত করেছেন।

আজ ২৭ আগষ্ট শনিবার, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪৬তম মৃত্যুবার্ষিকী। ১৯৭৬ সালের শোকের মাসের এদিনে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে (সাবেক পিজি হাসপাতাল) শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

কবিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের পাশে রাষ্ট্রীয় মর্যাদায় সমাহিত করা হয়। সেখানেই তিনি চিরনিদ্রায় শায়িত।

জাতীয় কবির মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে মেহেরপুরের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক সংগঠন কর্মসূচি গ্রহণ করেছে। এসব কর্মসূচির মধ্যে রয়েছে আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।মেহেরপুর শিল্পকলা একাডেমী ও গাংনী উপজেলা শিল্পকলা একাডেমী পৃথকভাবে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছেন।

নজরুলের সৃষ্টিকর্ম প্রসঙ্গে বিশেষজ্ঞরা বলেন, ‘নজরুল ইতিহাস ও সময় সচেতন মানুষ ছিলেন, যার প্রভাব তাঁর লেখায় স্পষ্টভাবে পাওয়া যায়। তুরস্কে কামাল পাশার নেতৃত্বে প্রজাতন্ত্রের প্রতিষ্ঠা, রাশিয়ায় সমাজতান্ত্রিক বিপ্লব আর ভারতবর্ষে ব্রিটিশবিরোধী আন্দোলনের তরঙ্গকে নজরুল তাঁর সাহিত্যে বিপুলভাবে ধারণ করেছেন। সেই সময়ে ধর্মান্ধ মুসলমানদের তিনি পুনর্জাগরণের ডাক দিয়েছেন এবং এক্ষেত্রে তাঁর ভূমিকা ছিল একজন বলিষ্ঠ নেতার মতো।’

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ১৩০৬ সালের ১১ জ্যৈষ্ঠ পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর ডাক নাম ‘দুখু মিয়া’। পিতার নাম কাজী ফকির আহমেদ ও মাতা জাহেদা খাতুন।

কাজী নজরুল ছিলেন চির প্রেমের কবি। তিনি যৌবনের দূত। তিনি প্রেম

নিয়েছিলেন, প্রেম চেয়েছিলেন। মূলত তিনি বিদ্রোহী, কিন্তু তাঁর প্রেমিক রূপটিও প্রবাদপ্রতিম। তাই, মানুষটি অনায়াসেই বলতে পারেন ‘আমার আপনার চেয়ে আপন যে জন খুঁজি তারে আমি আপনায়’।

বাংলাদেশের স্বাধীনতার পর পরই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামকে সপরিবারে সদ্যস্বাধীন বাংলাদেশে নিয়ে আসেন। তিনি রাষ্ট্রীয় মর্যাদায় বাংলাদেশে তাঁর বসবাসের ব্যবস্থা করেন এবং ধানমণ্ডিতে কবির জন্য একটি বাড়ি প্রদান করেন।

দুখু মিয়া ছিলেন অসাম্প্রদায়িক চেতনার পথিকৃৎ লেখক। তাঁর লেখনি জাতীয় জীবনে অসাম্প্রদায়িক চেতনা বিকাশে ব্যাপক ভূমিকা পালন করে। তাঁর কবিতা ও গান মানুষকে যুগে যুগে শোষণ ও বঞ্চনা থেকে মুক্তির পথ দেখিয়ে চলছে।

আলমডাঙ্গায় ১০ পিস ইয়াবাসহ আটক-১

আলমডাঙ্গার রোয়াকুলি ১০ পিস ইয়াবা ট্যাবলেটসহ আকাশ (২৫) নামে এক যুবককে আটক করেছে পুলিশ।

শুক্রবার রাত ৮টার দিকে আলমডাঙ্গা থানার এসআই শরীয়তুল্লাহ জেহালা ইউনিয়নের রোয়াকুলি গ্রাম থেকে আটক করেন। সে রোয়াকুলি গ্রামের সাহাবুলের ছেলে।

আগামীকাল শনিবার তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হবে বলে আলমডাঙ্গা থানার (ওসি) সাইফুল ইসলাম নিশ্চিত করেছেন।

পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম বলেন, ‘মাদক বিক্রির গোপন সংবাদ পেয়ে থানার এসআই শরীয়তুল্লাহ সঙ্গীয় ফোর্স নিয়ে রোয়াকুলি গ্রামে অভিযান পরিচালনা করেন। এসময় সন্দেহ মূলক ভাবে আকাশকে আটক করে। শরীর তল্লাশি করে ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

কুষ্টিয়ায় চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপ, যুবক কারাগারে

কুষ্টিয়া শহরে রাজশাহী থেকে ছেড়ে আসা ফরিদপুরগামী মধুমতি এক্সপ্রেস ট্রেনে পাথর নিক্ষেপের ঘটনা ঘটেছে। পাথর নিক্ষেপের ঘটনায় সুমন আলী (২৪) নামের এক যুবককে আটক করেছে রেলওয়ে থানা পুলিশ।

শুক্রবার বেলা ১১টার সময় কুষ্টিয়া কোর্ট স্টেশন এলাকায় চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপের ঘটনা ঘটে। এতে ট্রেনের জানালার কাঁচ ভেঙে এক যাত্রী আহত হন। আটক সুমন আলীর বাড়ি সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার বাসিন্দা।

পোড়াদহ রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনজের আলী বলেন, সকালে কুষ্টিয়া কোর্ট স্টেশন এলাকায় মধুমতি ট্রেনে পাথর নিক্ষেপের ঘটনা ঘটে। এতে ট্রেনের এক যাত্রী আহত হন।

পরে পুলিশ পাথর নিক্ষেপের দায়ে সুমন নামের একজনকে আটক করে। তার বিরুদ্ধে রেলওয়ে থানায় মামলা দায়ের করা হয়েছে। ধারণা করা হচ্ছে, সুমন একজন ভবঘুরে। আদালতের মাধ্যমে তাকে কারাগারে পাঠানো হয়েছে।

কুষ্টিয়ায় সারের দাম বেশি নেওয়ায় ব্যবসায়ীকে জরিমানা

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায় কৃষকদের কাছ থেকে অতিরিক্ত মূল্যে কীটনাশক ও সার বিক্রি করায় এক ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

শুক্রবার দুপুরে উপজেলার ঘোড়ামারা বাজারে এই অভিযান চালানো হয়।

অভিযানে নেতৃত্ব দেন দৌলতপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল জব্বার।

এসময় তিনি জানান, বেশ কিছুদিন ধরে রাসায়নিক সার সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দামে বিক্রি করে আসছিলেন। এছাড়াও ভেজাল ও নকল কীটনাশক বিক্রি করার অভিযোগে ঘোড়ামারা বাজারে অভিযান চালিয়ে এর সত্যতা পাওয়া যায়।

ভোড়ামারা বাজারে সুমি ট্রেডার্সের মালিককে ৫০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।তদারকিতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় ভ্যানচালকের মৃত্যু

কুষ্টিয়ার খোকসা উপজেলার পৃথক সড়ক দুর্ঘটনায় এক ভ্যানচালক নিহত হয়েছেন। শুক্রবার কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক সড়কের খোকসায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত ভ্যানচালক হেলাল উদ্দিন (৫৫) খোকসা উপজেলার শিমুলিয়া ইউনিয়নের শিমুলিয়া কুঠিপাড়া গ্রামের মৃত মোঃ রবিউল ইসলামের ছেলে।

হাসপাতাল ও পুলিশ সূত্রে জানা গেছে, শুক্রবার সকাল ১১ টার সময় কুষ্টিয়া রাজবাড়ী মহাসড়কের শিমুলিয়া ইউনিয়নের মালিগ্রাম কুষ্টিয়া থেকে ছেড়ে আসা রাজবাড়ী গামী পিকআপ ভ্যান রেজিস্ট্রেশন নং-(ঢাকা মেট্রো-ন-২০-৫৪২৫) ভ্যানচালক হেলাল উদ্দিনের ভ্যানের পিছনে সজোরে ধাক্কা দিলে ঘটনাস্থলে ভ্যানচালকের ডান হাত ভেঙে যায়।

স্থানীয় এলাকাবাসী আহত ভ্যানচালক হেলাল উদ্দিনকে উদ্ধার করে খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে আনেন। হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত ডাক্তার রোমা মুখার্জি আহত ভ্যানচালক হেলালউদ্দিনের প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার

জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

বিকেল পৌনে পাঁচটার সময় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।

খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সৈয়দ মোঃ আশিকুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, আহত ভ্যানচালককে চিকিৎসাধীন অবস্থায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেন।

দর্শনায় ফেনসডিলসহ নারী মাদক ব্যবসায়ী আটক

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে ৩৬ বোতল ফেনসডিলসহ এক মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

জানাগেছে, শুক্রবার দুপুর সোয়া ২টার দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এস,আই তারিকুজ্জামান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন রামনগর গ্রামস্থ রামনগর ফুটবল মাঠের পূর্ব পাশে পাকা রাস্তার উপর।

এসময় উক্তস্থানে অভিযান পরিচালনা কালে ভারতীয় ৩৬ বোতল ফেন্সিডিলসহ পিনজিরা খাতুন (৩৫) নামের এক মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করেন। আটক মাদক ব্যবসায়ী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার মাজারপোতা গ্রামের বাসিন্দা ও তরিকুল ইসলামের স্ত্রী।

আটক মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। পিনজিরা খাতুনকে ১৯৭৪ সালের মাদক আইনে মামলাসহ চুযাডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

গাংনী উপজেলা ছাত্রলীগ সভাপতি-সম্পাদকসহ ১৪ নেতার বিরুদ্ধে বিএনপির মামলা

মেহেরপুরের গাংনীতে বিএনপি অফিস ভাংচুরের অভিযোগে উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, সাধারন সম্পাদক অনিকসহ ১৪ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার গাংনী পৌর যুবদলের আহবায়ক ও সাবেক পৌর কাউন্সিলর সাহিদুল ইসলাম বাদী হয়ে মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেটট আদালতে মামলাটি দায়ের করেন।

মামলাটি আমলে নিয়ে বিজ্ঞ বিচারক তদন্তের জন্য পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)কে নির্দেশ দেয়া হয়েছে।

মামলার এজাহারে বলা হয়েছে,গত ১৩ আগষ্ট সকাল সাড়ে ১১ টার সময় মামলার আসামী ছাত্রলীগ নেতাকর্মীরা পূর্ব পরিকল্পিত ভাবে বিএনপি অফিসে হামলা চালিয়ে আসবাবপত্র,মোটরসাইকেল ভাংচুর,সাইবোর্ড ছিড়ে দেয় এমন অভিযোগ তুলে মামলা করা হয়।

গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু বলেন,রাজনৈতিক ভাবে মোকাবেলা করতে ব্যার্থ হয়ে অসত্য তথ্য তুলে ধরে ছাত্রলীগ নেতাকর্মীদের বিরুদ্ধে মামলা করা হয়েছে। রাজনৈতিক ভাবেই মামলা মোকাবেলা করা হবে।

মামলার বাদী গাংনী পৌর যুবদলের আহবায়ক সাবেক পৌর কাউন্সিলর সাহিদুল ইসলাম বলেন,কোন কারন ছাড়াই বিএনপি অফিসে বারবার হামলার ঘটনা ঘটে। বাধ্য হয়েই মামলা দায়ের করা হয়েছে। সঠিক ভাবে মামলা তদন্ত করা হলে সঠিক তথ্য বের হয়ে আসবে।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক মো: মকলেছুর রহমান মুকুল বলেন,এমন কোন ঘটনা ঘটেনি যে ছাত্রলীগ নেতাকর্মীদের নামে মামলা করতে হবে। মিথ্যা দিয়ে কখনও রাজনীতি হয়না। এই মামলার ফলে আওয়ামীলীগ ও ছাত্রলীগ সহ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা ঐক্যবন্ধ হবে।

মেহেরপুরের সুবিধপুরে পৌনে ৩ কোটির টাকার ভবন গ্রহণ করেনি স্কুল কর্তৃপক্ষ

নিম্নমানের উপকরণ ব্যবহার ও ক্রটিপূর্ণ থাকায় দুই কোটি ৭৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ৪ তলা বিশিষ্ট একাডেমিক ভবন গ্রহণ করেনি মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয় কর্তৃপক্ষ।

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরে তত্বাবধানে বিদ্যালয়ের জন্য নির্মিত ৪ তলা এই বিল্ডিংটিতে নানা ত্রুটির অভিযোগ এনে ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট থেকে ভবনটি গ্রহণ করেননি বলে জানান বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহাবুল ইসলাম।

লটারিতে মেহেরপুর জনি এন্টারপ্রাইজ নামক একটি ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ পেলেও জনপ্রশাসন প্রতিমন্ত্রীর ছোট ভাই মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হাসান মৃদুল কাজটি করেছেন।

তবে, একাডেমিক ভবন নির্মানের ঠিকাদার সরফরাজ হাসান মৃদুল ভবন নির্মানে কিছু অনিয়ম হওয়ার কথা স্বীকার করে বলেছেন, আমি ঢাকাতে থাকার কারনে কিছু অনিয়ম হয়েছে। দ্রুত সেগুলোর সমাধান করা হবে।

২০১৮-২০১৯ অর্থ বছরে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের তত্বাবধানে প্রায় ২ কোটি ৭৪ লক্ষ টাকা ব্যায়ে মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয়ের ৪ তলা বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ কাজ শুরু হয় ১২ মে ২০১৯ সালে।

ভবনটি বিগত ২০২০ সালের ১২ নভেম্বর নির্মাণ কাজ শেষ করে বিদ্যালয় কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করার শেষ সময় ছিল। কিন্তু দেরি করে কাজ শুরু হওয়ায় শেষ হয় ২০২১ সালের ডিসেম্বরে। মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের পক্ষ থেকে ঠিকাদারী প্রতিষ্ঠানকে ১৭টি অনিয়ম ও ত্রুটির কথা উল্লেখ করে সেগুলো ঠিক করার জন্য চিঠি দিয়েছেন।

একাডেমিক ভবন নির্মাণে অত্যন্ত নিম্নমানের উপকরণ ব্যবহারসহ নানা

অভিযোগ এনে প্রায় দেড় বছর অতিবাহিত হলেও বিদ্যালয় কর্তৃপক্ষ নতুন এই একাডেমিক ভবনটি ঠিকাদারী প্রতিষ্ঠানের কাছ থেকে গ্রহণ করেনি। বিদ্যালয়ের প্রধান শিক্ষক অভিযোগ করেন, নিম্নমানের উপকরণ দিয়ে নির্মাণ করা হয়েছে। শুরু থেকেই ওই ভবনের নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার করার অভিযোগ করা হলেও ঠিকাদার কোনো কর্ণপাত করেনি।

সরেজমিনে দেখা গেছে, প্রতিটি রুমের জন্য ৪টি করে ৪৮টি বৈদ্যুত্যিক পাখা রয়েছে। এসব বৈদ্যুত্যিক পাখাগুলো নিম্নমানের প্রদান করা হয়েছে। পাখাগুলোতে কোন কোম্পানীর সিল নেই। মনে হয়েছে রং করা পাখা ঝুলানো রয়েছে। প্রতিটি ফ্যানের মুল্য ৩৩৯৯ টাকা এবং রেগুলেটরের দাম ধরা হয়েছে ৩৩৬ টাকা। একটি ইলেক্ট্রিক ঘড়ি দেওয়ার কথা থাকলেও সেটি প্রদান করা হয়নি। এছাড়া রুমের ভিতরের ইলেক্ট্রিক ওয়্যারিং এর উপকরণ, বৈদ্যত্যিক সুইচ, হোল্ডার, লাইটসহ অন্যান্য উপকরণ দেওয়া হয়েছে নিম্ম ব্র্যান্ডের। ভবনের রং করণ ও বাইরের স্যুয়োরেজ ফিটিংস এর পাইপ বসানোতেও রয়েছে নানা ধরণের অসঙ্গতি।

বিদ্যালয়টিতে বর্তমানে ৩১০ জন ছাত্র ছাত্রী অধ্যয়ন করছে। শ্রেনী কক্ষ সংকট, বেঞ্চ, চেয়ার, টেবিলসহ নানা ধরণের সমস্যা নিয়ে পরিচালিত হচ্ছে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম। বিদ্যালয়ের নতুন ভবন হস্তান্তরের শেষ সময় ছিল ২০২০ সালে। তবে দেরিতে কাজ শুরু হওয়ায় ২০২১ সালের ডিসেম্বরে কাজ শেষ হয়েছে। তবে এখনো হস্তান্তর না হওয়ায় তারা নতুন ভবনে যেতে পারেনি। ফলে বিদ্যালয়টিতে পাঠদান ব্যহত হচ্ছে নানাভাবে।

ঠিকাদার সরফরাজ হোসেন মৃদুল বলেন, ভবনের বৈদ্যুত্যিক পাখাগুলো যমুনা ব্র্যান্ডের দেওয়া হয়েছে। এছাড়া অন্যান্য উপকরণ এবং রং এর যে অভিযোগগুলো আছে আমি অধিকাংশ সময় ঢাকাতে অবস্থান করার কারণে এমন সমস্যা হয়েছে। আমি লোকজন নিয়ে দু একদিনের মধ্যেই সব ঠিকঠাক করে হস্তান্তর করবো।

মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মো: গোলাম মোত্তাকিন বলেন, এই ভবনটি নির্মাণে আমাদের দৃষ্টিতে মোট ১৭ টি ত্রুটি পাওয়া গেছে। এই ত্রুটিগুলো ঠিক করে বিদ্যালয় কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানকে চিঠি দেওয়া হয়েছে।

গাংনীর জুগিন্দা গ্রামে গৃহবধূর আত্মহনন

পারিবরিক কলহের জের ধরে রেশমি খাতুন (১৮) নামের এক গৃহবধু বিষপান করে আত্মহত্যা করেছেন।
রেশমি খাতন গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের আলী হোসেনের স্ত্রী। বৃহস্পতিবার (২৫ আগষ্ট) বিকাল ৪ টার দিকে নিজ বাড়িতে বিষপান করেন তিনি।
জানা গেছে, মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের শবে কদরের মেয়ে রেশমি খাতুনের দুই বছর আগে গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের নামাজ মন্ডলের ছেলে আলী হোসেনের সাথে বিয়ে হয়। বৃহস্পতিবার বিকেল ৪টার দিকে পারিবারিক কলহের জেরে রেশমি খাতুন আত্মহত্যা করে।
আত্মহত্যার খবর পেয়ে গাংনী থানার এস আই আব্দুল ঘটনা স্থলে পৌছে তার মরদেহ উদ্ধার করেন।

আলমডাঙ্গা পশুহাটে সড়ক নিরবিচ্ছিন্ন রাখতে দোকানপাট উচ্ছেদ

আলমডাঙ্গার পশুহাটের সড়ক যোগাযোগ নিরবিচ্ছিন্ন রাখতে অবৈধ নির্মিত দোকান উচ্ছেদ করেছে পৌর প্রশাসন।

বৃহস্পতিবার সকাল থেকে উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুরের নেতৃত্বে এ উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়।

তবে, উপজেলা প্রশাসনের উচ্ছেদ অভিযানকে অযৌক্তিক দাবি করেন স্থানীয় ভুক্তভোগী দোকান মালিকেরা। প্রভাবশালীদের স্থাপনা উচ্ছেদ না করে গবির-দুস্তদের উপর নির্মম অত্যাচার করছে।

স্থানীয়রা জানান, গত ৩ মাস পূর্বে আলমডাঙ্গা পৌর কর্তৃপক্ষের উদ্যোগে ফুটপাথ দখল মুক্ত ও অবৈধ দখলদারি দুরীকরণে লক্ষ্যে উচ্ছেদ অভিযান পরিচালনা করেন পৌর প্রশাসন। গত কয়েক দিনের এ অভিযান অতর্কিত ভাবে বন্ধ হয়ে যায়। আবারো পূণরায় শুরু হয় দখল।

আলমডাঙ্গা পৌর শহরের প্রধান সড়কের দুই পাশের ড্রেনের ফুটপথ গুলো ব্যবসায়ীদের কবলে। এতে সাধারণ মানুষ ঝুঁকি নিয়ে চলাচল করতে হয় রাস্তার পাশ দিয়ে। অনেক সময় দুর্ঘটনার শিকার হয় সাধারণ পথচারীরা। তবুও পৌর প্রশাসন নিরব ভূমিকা পালন করে আসছে।

গত ৩ মাস পূর্বে পৌর প্রশাসনের পক্ষ থেকে ১৫ দিনের মধ্যে অবৈধ নির্মিত দোকান সরিয়ে নেবার নোটিশ প্রদান করে। নোটিশ প্রদানের তিনমাস পার হলেও দোকান গুলো আবারো প্রসারিত হয়েছে। প্রশাসনের নজর দারির অভাবে বিতর্কিত হচ্ছে উচ্ছেদ অভিযান, ভোগান্তিতে পড়ছে নিম্নআয়ের মানুষ।

এদিকে, বৃহস্পতিবার সকাল থেকে আলমডাঙ্গা পৌর পশুহাটের যান চলাচল নিরবিচ্ছিন্ন রাখতে উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়। সাপ্তাহিক পশু হাটের দিন তিব্র জানজট মুক্ত করতেই এমন উদ্যোগ করে পৌর প্রশাসন। তবে, এসব দোকান-পাট উচ্ছেদ কি জানজট নিরসন করবে নাকি প্রভাবশালীদের ব্যবসায়ীক দুয়ার উন্মোচন হবে।

অবৈধভাবে নির্মিত দোকান মালিকেরা জানান, আমাদের ঘর-বাড়ি নাই। দোকানের মধ্যেই বসবাস করি এবং এখানেই চা-পান সিগারেট বিক্রি করে পেট চালায়।

এদিকে আরো অনেকে জানান, পৌর শহরে অনেক গুরুত্বপূর্ণ জায়গায় অবৈধ ভাবে দোকান নির্মাণ করে ব্যবসা পরিচালনা করছে। তাদের প্রতিবাদের জন্য মুখফিরিয়ে নিয়েছে প্রশাসন। কিন্তু আমাদের মত অসহায় মানুষের সুযোগ নিয়ে উপার্জনের ক্ষমতা টুকু নস্ট করে দিলো।

উচ্ছেদ অভিযান উপলক্ষে আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুর জানান, সাপ্তাহিক পশু হাটের কারণে তিব্র জানজটে ভোগান্তিতে পড়তে হ সাধারণ মানুষ। পৌর শহরে অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান চলমান রয়েছে। পর্যায়ক্রমে উচ্ছেদের মাধ্যমে জনবান্ধব হিসাবে এ পৌর নগরীকে গড়ে তোলার কাজ চলমান রয়েছে।